# ডিএমপিতে এডিসি-এসি পদমর্যাদার ১১ কর্মকর্তার রদবদল




ছবি: সংগৃহীত

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ১১ কর্মকর্তাকে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে। বদলির তালিকায় রয়েছেন দুই অতিরিক্ত উপকমিশনার (এডিসি) ও নয় সহকারী কমিশনার (এসি) পদমর্যাদার কর্মকর্তা।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ স্বাক্ষরিত পৃথক তিন আদেশে এসব বদলির তথ্য জানানো হয়।

এক আদেশে পিওএম দক্ষিণ বিভাগের এডিসি সাগর দিপা বিশ্বাসকে পিঅ্যান্ডআর বিভাগে এবং এডিসি আরিফা আশরাফ পিংকিকে পিওএম দক্ষিণ বিভাগে পাঠানো হয়েছে।

অন্য আদেশে শাহবাগ ট্রাফিক অঞ্চলের এসি মেহেদি হাসান শাকিলকে নিউমার্কেট, নিউমার্কেটের এসি নাসিম-এ-গুলশানকে ডিবির ওয়ারী বিভাগ এবং এসি নাদিম হায়দার চৌধুরীকে শাহবাগ ট্রাফিক অঞ্চলে বদলি করা হয়েছে।

আরেক আদেশে এসি স্বপ্না বেগমকে উইমেন সাপোর্ট অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগে, এসি মনোয়ারা আকতার রিফাতকে শেরেবাংলা ট্রাফিক অঞ্চলে, দারুস সালাম অঞ্চলের এসি ইমদাদ হোসেন বিপুলকে ডিবির মতিঝিল বিভাগে এবং শেরেবাংলা ট্রাফিকের এসি জাকির হোসেনকে দারুস সালাম অঞ্চলে পদায়ন করা হয়েছে।

এ ছাড়া লালবাগ ট্রাফিকের এসি মাহতাব হোসেনকে ডিবির গোয়েন্দা বিভাগে এবং লালবাগ বিভাগের এসি (পেট্রল) তারেকুল ইসলামকে লালবাগ ট্রাফিক অঞ্চলে বদলি করা হয়েছে।